

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ

২০২১ ইং সনের ৭৮নং গঠনবিধি

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতির মাধ্যমে আগামী ৩১/০৩/২০২১ইং তারিখ রোজ বুধবার সকাল ১০ঃ৩০ ঘটিকা হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত নিয়মিত বেঞ্চসমূহ গঠন করা হইলঃ

১. বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন  
এবং  
বিচারপতি খিজির হায়াত

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন দায়েরকৃত মামলা ব্যতীত শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও ফৌজদারী বিবিধ মোকদ্দমা; জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং একই রায় হইতে উদ্ভূত ফৌজদারী আপীল ও বিবিধ মোকদ্দমা ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

২. বিচারপতি জে. বি. এম. হাসান  
এবং  
বিচারপতি রাজিক আল জলিল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস ও ইনকামট্যাক্স বিষয়াদি ব্যতীত অর্থস্বণ আদালত সহ সকল প্রকার রীট মোশন ও শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত অবমাননার অভিযোগপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

প্রয়োজ্যক্ষেত্রে উপরোক্ত বিষয়সমূহ ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমেও শুনানী গ্রহণ করিবেন।

  
প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ২৯/০৩/২০২১ইং।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন
২. বিচারপতি জে, বি, এম, হাসান
৩. বিচারপতি রাজিক আল জলিল
৪. বিচারপতি খিজির হায়াত